

তথ্য

যদি কোন কিছু বুঝতে না পারেন তবে সাহায্য চেয়ে নিন। তথ্য বুঝতে সাহায্য করার জন্য সাক্ষাৎসূচীতে আপনি কাউকে সঙ্গে নিয়ে আসতে পারেন।



সরকারি ও বেসরকারি মাধ্যমে প্রাপ্ত আপনার স্বাস্থ্য এবং অন্যান্য সেবা সম্পর্কিত তথ্যাবলি সহজে পরিষ্কারভাবে জানার অধিকার আপনার রয়েছে।

কোনও চিকিৎসা গ্রহণের আগে আপনার জেনে বুঝে সম্মতি প্রদান করার প্রয়োজন রয়েছে। এর অর্থ আপনার চিকিৎসার বিকল্প উপায়, সম্ভাব্য উপকারিতা ও ঝুঁকি এবং ব্যয় সম্পর্কে সম্পূর্ণ ধারণা থাকা উচিত।

আপনার স্বাস্থ্যসেবার বিকল্প উপায় কী আছে, সেবার জন্য কোথায় যেতে হবে, অপেক্ষার সময় এবং কোন কিছুর জন্য আপনাকে কোন মূল্য পরিশোধ করতে হবে কিনা সে সম্পর্কে আপনাকে তথ্য দেয়া উচিত।

যদি স্বাস্থ্যসেবা প্রদানের সময় কোন ভুল হয়ে থাকে তবে সে সম্পর্কে আপনাকে অবহিত করা আপনার অধিকারের মধ্যে পড়ে। ভুলটি কী, ফলে আপনার উপর এর প্রভাব কী হতে পারে, এবং সেবাটিকে অধিকতর নিরাপদ করার জন্য কী পদক্ষেপ নেওয়া হচ্ছে সে সম্পর্কে স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানের বিস্তারিত ব্যাখ্যা করা উচিত।

গোপনীয়তা



হাসপাতালের ওয়ার্ড এবং ওয়েটিং রুম সহ সমস্ত স্থানে আপনার ব্যক্তিগত বিষয়ে গোপনীয়তা রক্ষা করা উচিত।

আপনার ব্যক্তিগত বিষয়ে গোপনীয়তা রক্ষা করার অধিকার আপনার রয়েছে। এর মধ্যে আপনার দৈহিক, ব্যবহার্য জিনিসপত্রাদি, তথ্য ও ব্যক্তিগত শারীরিক দূরত্ব রক্ষার বিষয় অন্তর্ভুক্ত রয়েছে।

আপনার ব্যক্তিগত এবং চিকিৎসা সংক্রান্ত তথ্য অবশ্যই সুরক্ষিত এবং গোপনীয় রাখতে হবে।

মতামত জানানো

কোন বিষয়ে আপনার মতামত প্রদান বা অভিযোগ করার অধিকার রয়েছে। আপনার বিরূপ অভিজ্ঞতা খোলাখুলিভাবে এবং যুক্তিসঙ্গত সময়সীমার মধ্যে সমাধান করা উচিত। মতামত জানানো বা অভিযোগ প্রদান করার কারণে আপনার সাথে নেতিবাচক আচরণ করা উচিত নয়।

আপনার অভিজ্ঞতা থেকে শিক্ষা নেওয়ার মাধ্যমে স্বাস্থ্যসেবার মান উন্নত করা যেতে পারে।

আপনি যদি মনে করেন আপনার অধিকার সংরক্ষিত হয়নি, তবে আপনার চিকিৎসক বা স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে কথা বলুন। যদি তা করতে না পারেন, বা তাদের গৃহীত ব্যবস্থাদিতে সন্তুষ্ট না হন তবে আপনার রাজ্য বা অঞ্চলের স্বাস্থ্য অভিযোগ সংস্থার সাথে যোগাযোগ করুন।

চাটবার বা স্বাস্থ্য অভিযোগ সংস্থাগুলির সাথে যোগাযোগের মাধ্যম সম্পর্কে আরও তথ্যের জন্য, দেখুন:

www.safetyandquality.gov.au/your-rights



Level 5, 255 Elizabeth Street
Sydney NSW 2000

GPO Box 5480
Sydney NSW 2001

টেলিফোন: (02) 9126 3600

mail@safetyandquality.gov.au

safetyandquality.gov.au



আমাকে স্ক্যান করুন

AUSTRALIAN COMMISSION
ON SAFETY AND QUALITY IN HEALTH CARE

আমার স্বাস্থ্যসেবার অধিকারসমূহ

BENGALI | বাংলা



AUSTRALIAN COMMISSION
ON SAFETY AND QUALITY IN HEALTH CARE

অস্ট্রেলিয়ার হেলথকেয়ার রাইটস চার্টারে (চার্টার)
Australian Charter of Healthcare Rights (The Charter) এ বর্ণিত আছে যে
আপনার নিরাপদ এবং উচ্চমানের স্বাস্থ্যসেবা পাওয়ার
অধিকার রয়েছে।

উক্ত চার্টারে ব্যাখ্যা করা হয়েছে স্বাস্থ্যসেবা গ্রহণকালে আপনি বা
আপনার প্রযত্নে থাকা কোন ব্যক্তি কী ধরনের সেবা আশা করতে
পারেন।

এই অধিকার অস্ট্রেলিয়ায় চিকিৎসা সেবা গ্রহণকারী সকলের
জন্য ও সর্বস্থানে প্রযোজ্য।

আপনার অধিকারগুলি পড়তে ও বুঝতে প্রয়োজনীয় সময় নিন।

এই তথ্যপত্রটিতে
চার্টারভুক্ত সাতটি
অধিকার বিষয় ভাবে
ব্যাখ্যা করা হয়েছে।



স্বাস্থ্য সেবা পাওয়া

প্রয়োজনের সময় স্বাস্থ্য পরিষেবা
ব্যবহার এবং চিকিৎসা গ্রহণের
অধিকার আপনার রয়েছে।



প্রয়োজন অনুযায়ী স্বাস্থ্যসেবা পাওয়া আপনার একটি অধিকার।

মেডিকেয়ার একজন ডাক্তারের সাথে দেখা করার খরচ, পাশাপাশি সংশ্লিষ্ট চিকিৎসা এবং
ওষুধের খরচ বহনে সাহায্য করে। চিকিৎসা গ্রহণের আগে, আপনার কোনও ফি এবং
চার্জবাবদ খরচ প্রদান করতে হবে কিনা তা জানার অধিকার আপনার রয়েছে।

স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানগুলিকে তাদের পরিষেবাগুলি যাতে প্রতিবন্ধী ব্যক্তিগণ
ব্যবহার করতে পারেন এমন একটি পরিবেশ সৃষ্টি করতে হবে।

নিরাপত্তা

সুরক্ষিত এবং আপনার কাছে
নিরাপদ মনে হয় এমন স্থানে
সেবা গ্রহণের অধিকার আপনার
রয়েছে।



জাতীয় মান পূরণ করে এমন নিরাপদ এবং উচ্চ-মানের স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার
আপনার রয়েছে।

আপনার স্বাস্থ্যসেবা এবং চিকিৎসা কার্যক্রম সর্বোৎকৃষ্ট উপায়ে প্রাপ্ত প্রমাণ এবং আপনার
প্রয়োজন ও পছন্দ অনুযায়ী হওয়া উচিত।

আপনি যদি আপনার স্বাস্থ্য সম্পর্কে উদ্বেগ হন, উদ্বেগজনক পরিবর্তন লক্ষ্য করেন বা মনে
করেন যে কিছু ঘাটতি হয়েছে, তবে চিকিৎসা প্রক্রিয়ার পুনর্বিবেচনা দাবি করার অধিকার
আপনার রয়েছে।

সম্মান



আপনার স্বাস্থ্য পরিষেবা
প্রতিষ্ঠানের উচিত আপনার
সংস্কৃতি, পরিচয় এবং
বিশ্বাসকে স্বীকৃতি দেওয়া
এবং সম্মান করা।

মর্যাদা, সম্মান এবং সহানুভূতিশীল আচরণ পাওয়ার অধিকার আপনার রয়েছে।

আপনাকে আপনার প্রয়োজন সম্পর্কে জিজ্ঞাসা করা এবং প্রদেয় সেবা বা চিকিৎসায়
(বিকল্প উপায়গুলির মধ্য থেকে) আপনার বেছে নেওয়া পছন্দি থাকা উচিত।

অংশীদারিত্ব

আপনার চিকিৎসকের
সাথে তথ্য
আদানপ্রদান করলে
সেটি আপনার পক্ষে
সঠিক সেবা পেতে
সাহায্য করতে পারে।



আপনার স্বাস্থ্যপরিষেবা প্রতিষ্ঠান থেকে একজন অংশীদার হিসাবে আচরণ পাওয়ার
অধিকার আপনার রয়েছে। আপনি প্রয়োজনমতো যতসংখ্যক প্রশ্ন জিজ্ঞাসা করতে
পারেন। আপনার চিকিৎসকের আপনার স্বাস্থ্য সম্পর্কে আপনার সাথে খোলামেলা এবং
সততার সাথে কথা বলা উচিত।

নিজ সেবার বিষয়ে আপনি অন্যান্য ব্যক্তিদের অন্তর্ভুক্ত করতে পারেন, যেমন পরিবার,
বন্ধুবান্ধব, সেবা প্রদানকারী বা ভোক্তা অধিকার রক্ষায় নিয়োজিত ব্যক্তিবর্গ।